

নম্বর: ৩৮.০০.০০০০.০৩৫.০২৬.১৯-৫০৫

তারিখ: ২৬ জুলাই ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ


### পরিপত্র

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম সাময়িক, ২য় সাময়িক ও বার্ষিক পরীক্ষার (৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা ব্যতিত) প্রশ্নপত্র স্ব স্ব বিদ্যালয় কর্তৃক প্রণয়ন।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখের পরিপত্রের ক্রমিক ০১ অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম সাময়িক, ২য় সাময়িক ও বার্ষিক পরীক্ষার (৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা ব্যতিত) প্রশ্নপত্র উপজেলা/থানা পরীক্ষা পরিচালনা ও সমন্বয় কমিটি কর্তৃক প্রণয়ন করা হয়। এতে পাঠদানে নিয়োজিত শিক্ষকগণের প্রশ্ন করার বা প্রশ্নপত্র তৈরী করার স্বাভাবিক সক্ষমতা লোপ পাচ্ছে। শিক্ষকগণের প্রশ্ন করার দক্ষতা না থাকলে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দক্ষতা যাচাই করা সম্ভব হবে না। ছাত্র-ছাত্রীদের মধ্যে creativity আনার জন্য সর্বপ্রথম প্রয়োজন শিক্ষকগণের মধ্যে creativity সৃষ্টি করা। এতে ছাত্র-ছাত্রীদের মধ্যেও অনুসন্ধিৎসা সৃষ্টি হবে। এ কারণেই প্রাথমিক বিদ্যালয়ের ১ম সাময়িক, ২য় সাময়িক ও বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র স্ব স্ব বিদ্যালয়ের শিক্ষকগণ কর্তৃক প্রণয়ন করা জরুরী।

২। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম সাময়িক, ২য় সাময়িক ও বার্ষিক পরীক্ষার (৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা ব্যতিত) প্রশ্নপত্র এখন থেকে উপজেলা/থানা পরীক্ষা পরিচালনা কমিটির পরিবর্তে স্ব স্ব বিদ্যালয়ের শিক্ষকগণ প্রণয়ন করবেন। কোন অবস্থাতেই কোন সমিতি বা অন্য কোন উৎস থেকে প্রশ্ন সংগ্রহ করা যাবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ আকরাম-আল-হোসেন)  
সচিব

নম্বর: ৩৮.০০.০০০০.০৩৫.০২৬.১৯-৫০৫

তারিখ: ২৬ জুলাই ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৮. বিভাগীয় উপপরিচালক (সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১০. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১২. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
১৩. উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল)।
১৪. অফিস নথি।

  
(জাহানারা রহমান)  
উপসচিব